## দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবাপ্রদান প্রক্রিয়া সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে এপ্রিল, ২০১৮ মাসের ইনোভেশন কমিটির সভার কার্যবিবরনী

সভাপতিঃ জনাব এম.খালিদ মাহমুদ
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)

স্থানঃ পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এর অফিসকক্ষ (৫মতলা)।

তারিখঃ ২৬-০৪-২০১৮ খ্রি

সময়ঃ সকাল ১০:০০টা।

উপস্থিতিঃ পরিশিষ্ট-ক সংযুক্ত।

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদানপ্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে Innovation বিষয়ক সভা অনুষ্ঠিত হয়। সভায় দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ইনোভেশন কমিটির সদস্যসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় কমিটির সভাপতি পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে প্রারম্ভিক বক্তব্য প্রদান করেন।

২। উপ-পরিচালক (পরিকল্পনা) আলোচ্য বিষয় উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ২.১ | Call rate & other facilities of Corporate SIM | উপ-পরিচালক (প্রশমন) বলেন, ইতোমধ্যে কর্পোরেট সীম এর কল রেট কমানো/সাশ্রয়ী করার জন্য পত্র প্রদান এবং ফোনে যোগাযোগ এর প্রেক্ষিতে গ্রামীণফোন কর্তৃপক্ষ জানিয়েছেন বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়া সররবারহকৃত কর্পোরেট সীমগুলো সচল করার জন্য গ্রামীণফোন কর্তৃক অনুরোধ জানানো হয়েছে। সভায় পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ) বলেন, সকল কর্মকর্তার ব্যবহৃত মোবাইল হ্যান্ড সেটে একাধিক সীম থাকায় নতুন সীম সংযোজনের সুযোগ নাই বিধায় সরবরাহকৃত কর্পোরেট সীম অনেকেই ব্যবহার করতে পারছে না। এক্ষেত্রে স্বল্প মূল্যের হ্যান্ডসেট সরবরাহ করা হলে কর্পোরেট সীম এর ব্যবহার বৃদ্ধি পাবে। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জানান, ইতোমধ্যে এসএনএসপি প্রকল্প হতে বিনামূল্যে হ্যান্ডসেট সরবরাহের প্রস্তাব করা হলে মন্ত্রণালয় হতে তা বিবেচনা করা হয়নি।<br>**সিদ্ধান্তঃ**<br>১। কল রেট কমানো/সাশ্রয়ী করার জন্য গ্রামীণফোন কর্তৃপক্ষকে পুনরায় লিখিত তাগিদ প্রদান করতে হবে।<br>২। সররবারহকৃত কর্পোরেট সীমগুলো সচল রাখার জন্য নির্দেশনা প্রদানপূর্বক প্রশাসন অনুবিভাগ হতে পত্র প্রদান করতে হবে।<br>৩। আপাততঃ অধিদপ্তরে কর্মরত কর্মকর্তাদের জন্য SNSP প্রকল্পের মাধ্যমে স্বল্প মূল্যে হ্যান্ডসেট সরবরাহের জন্য পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) পুনরায় উদ্যোগ গ্রহণ করবেন। | পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), পরিচালক (প্রশাসন) ও উপ-পরিচালক (প্রশমন) |
| ২.২ | Grievance Redress System (GRS) | এ বিষয়ে প্রোগ্রামার জনাব প্রবীর কুমার দাস বলেন, GRS System Development এর কাজ শেষ হলে পর্যায়ক্রমে প্রশিক্ষণ প্রদান শেষে GRS System-এ Access প্রদান করা হবে মর্মে মন্ত্রিপরিষদ বিভাগ হতে জানানো হয়েছে।<br>**সিদ্ধান্তঃ**<br>১। জনাব প্রবীর কুমার দাস, প্রোগ্রামার কেবিনেট ডিভিশনের সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগ করে বিষয়টি নিশ্চিত করবেন। | জনাব প্রবীর কুমার দাস, প্রোগ্রামার |
| ২.৩ | IT based operationalization of the help desk | উপ-পরিচালক (প্রশাসন-২) সভাকে জানান যে, হেল্প ডেস্ক স্থাপন ও প্রয়োজনীয় সরঞ্জাম ক্রয়ের (কম্পিউটার, প্রিন্টার ইত্যাদি) জন্য ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। জনবল নিয়োগের কাজ চলমান রয়েছে। পরিচালক (প্রশাসন) জানান, আপাতত ০৩ (তিন) জন স্টাফ এবং প্রয়োজনীয় সরঞ্জাম সরবরাহের ব্যবস্থা করা হলে এটি পুরোপুরি চালু করা সম্ভব। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) বলেন, প্রয়োজনে আউট সোর্সিং এর মাধ্যমে প্রয়োজনীয় জনবল নিয়োগের মাধ্যমে IT based help desk চালুর উদ্যোগ নেয়া যেতে পারে।<br>**সিদ্ধান্তঃ**<br>১। জনবল নিয়োগের পূর্ব পর্যন্ত আউট সোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগ এবং প্রয়োজনীয় সরঞ্জাম সরবরাহের মাধ্যমে IT based help desk চালুর বিষয়ে প্রশাসন অনুবিভাগ উদ্যোগ গ্রহণ করবেন। | পরিচালক (প্রশাসন) ও উপ-পরিচালক (প্রশা-২) |
| ২.৪ | Digital gate & digital display in entrance of DDM | পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) বলেন, ডিজিটাল ডিসপ্লেসহ একটি দৃষ্টিনন্দন গেইট এবং গেইটের সাথে মানানসই বাউন্ডারি ওয়াল নির্মাণ কার্যক্রম "আরবান রেজিলিয়েন্স (ডিডিএম অংশ)" প্রকল্পের তহবিল হতে বাস্তবায়ন এর বিষয়টি চূড়ান্ত পর্যায়ে রয়েছে। এলক্ষ্যে প্রকল্পের নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক ডিজাইন ও বিল অব কোয়ান্টিটি (বিওকিউ) প্রস্তুতের কাজ প্রায় সমাপ্ত হয়েছে।<br>**সিদ্ধান্তঃ** | পরিচালক (প্রশাসন) ও জনাব মোঃ হাফিজুর রহমান, সহকারী পরিচালক (যান) |

| ক্র | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| | | ১। প্রশাসন অনুবিভাগ হতে "আরবান রেজিলিয়েন্স (ডিডিএম অংশ)" প্রকল্প পরিচালকের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রেখে এটি বাস্তবায়ন তরান্বিত করতে হবে। | |
| ২.৫ | Keep the DDM library running & useful | উপ-পরিচালক (প্রশিক্ষণ) জানান যে, লাইব্রেরীটি ব্যবহার উপযোগী রয়েছে। তবে এটি ব্যবহার করার জন্য একজন এটেনডেন্ট নিয়োগ করা প্রয়োজন। লাইব্রেরীটির সার্বিক তত্ত্বাবধান ও এটি ব্যবহার উপযোগী রাখতে হলে প্রয়োজনে আউট সোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের উদ্যোগ নিতে হবে।<br>**সিদ্ধান্তঃ**<br>১। লাইব্রেরীটি ব্যবহারের জন্য প্রশাসন অনুবিভাগ হতে আউট সোর্সিং এর মাধ্যমে একজন এটেনডেন্ট নিয়োগ/পদায়ন এর উদ্যোগ নিতে হবে। | পরিচালক (প্রশাসন)<br>ও<br>উপ-পরিচালক (প্রশা-২) |
| ২.৬ | Prepare E-service roadmap for DDM | অধিদপ্তরের প্রস্তুতকৃত ও ইতোমধ্যে মন্ত্রণালয় এবং A2i অফিসে প্রেরিত ই-সার্ভিস রোডম্যাপ বাস্তবায়নে অর্থছাড়সহ প্রয়োজনীয় কার্যক্রম দ্রুত সম্পন্ন করার বিষয়ে মন্ত্রণালয়ে যোগাযোগ করতে হবে।<br>**সিদ্ধান্তঃ**<br>১। ই-সার্ভিস রোডম্যাপ বাস্তবায়নের বিষয়ে A2i এর সাথে যোগাযোগপূর্বক অবিলম্বে প্রকল্প প্রণয়ন বিষয়ক প্রশিক্ষণ কোর্স আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-পরিচালক<br>(পরিকল্পনা)<br>ও<br>জনাব প্রবীর কুমার দাস, প্রোগ্রামার |
| ২.৭ | Organize APA related training for DRROs | পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ) জানান, Annual Performance Agreement (APA) বিষয়ে জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাদের প্রশিক্ষণ আয়োজনের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে প্রয়োজনীয় ফান্ড/বাজেট চাওয়া হয়েছে। বাজেট পাওয়া মাত্রই প্রশিক্ষণ আয়োজনের উদ্যোগ নেয়া হবে। এলক্ষ্যে কোর্স প্ল্যান প্রস্তুতের জন্য উপ-পরিচালক (পরিকল্পনা) কে অনুরোধ করা হয়েছে।<br>**সিদ্ধান্তঃ**<br>১। মে/১৮ এর মধ্যে জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাদের জন্য APA বিষয়ক প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এক্ষেত্রে জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাদের জন্য একই সাথে শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণও আয়োজন করতে হবে। | উপ-পরিচালক<br>(পরিকল্পনা)<br>ও<br>উপ-পরিচালক<br>(প্রশিক্ষণ) |
| ২.৮ | বিবিধঃ<br>(ক) প্রণোদনা | উপ-পরিচালক (প্রশমন) জানান যে, জানুয়ারী-মার্চ, ২০১৮ প্রান্তিকের জন্য শ্রেষ্ঠ কর্মকর্তা হিসেবে জনাব প্রবীর কুমার দাস, প্রোগ্রামার (এমআইএম অনুবিভাগ) এবং শ্রেষ্ঠ কর্মচারী হিসেবে জনাব আমিনুল ইসলাম, কম্পিউটার অপারেটর (পরিকল্পনা ও উন্নয়ন) কে মহাপরিচালক কর্তৃক চূড়ান্ত অনুমোদন প্রদানপূর্বক Appreciation Letter প্রদান করা হয়েছে। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) বলেন, অন্যান্য কর্মকর্তা-কর্মচারীগণ কাজে কর্মে আরো উৎসাহী হন সেলক্ষ্যে শ্রেষ্ঠ কর্মকর্তা/কর্মচারীর ছবিসহ মহাপরিচালকের ঘোষনাপত্রটি নোটিশ বোর্ডে প্রদর্শনের উদ্যোগ নেয়ার জন্য প্রশাসন অনুবিভাগকে অনুরোধ করা হয়েছে, যা দ্রুত বাস্তবায়ন হওয়া প্রয়োজন।<br>**সিদ্ধান্তঃ**<br>১। শ্রেষ্ঠ কর্মকর্তা-কর্মচারীর ছবিসহ মহাপরিচালকের ঘোষনাপত্রটি নোটিশ বোর্ডে প্রদর্শনের উদ্যোগ নেয়ার জন্য প্রশাসন অনুবিভাগ হতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| | খ) ডকুমেন্টেশন কমিটি | সভাপতি বলেন, ২০১৭-১৮ অর্থ বছরের বাজেট হতে দ্রুত দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সার্বিক কার্যাবলী ও ভূমিকা শীর্ষক একটি ১০-১৫ মিনিটের ডকুমেন্টারী এবং ঘূর্ণিঝড় ও বন্যা বিষয়ে প্রতিটি ৫-৬ মিনিটের ডকুমেন্টারী তৈরীর উদ্যোগ নিতে হবে, অন্যথায় চলতি অর্থ বছরের বাজেট বরাদ্দ অব্যয়িত থেকে যাবে।<br>**সিদ্ধান্তঃ**<br>১। ডকুমেন্টারী তৈরীর লক্ষ্যে ডকুমেন্টশন কমিটি দ্রুত কার্যক্রম গ্রহণ করবেন। | উপ-পরিচালক<br>(এমআইএম)<br>ও<br>ডকুমেন্টেশন কমিটির সদস্যবৃন্দ |
| | গ) দুর্যোগ বিষয়ক মহড়া আয়োজন | উপ-পরিচালক (প্রশমন) বলেন যে, দুর্যোগ বিষয়ক মহড়া আয়োজনের জন্য মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বরাবর অনুরোধ জ্ঞাপনপূর্বক পত্র প্রদান করা হয়েছে। পরিচালক (প্রশাসন) বলেন, অগ্নি নির্বাপক সিলিন্ডারসমূহ (Fire Extinguisher) রিফিল এর কাজ চলমান রয়েছে।<br>**সিদ্ধান্তঃ**<br>১। অধিদপ্তর ভবনে দুর্যোগ বিষয়ক মহড়া আয়োজনের বিষয়ে ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| | ঘ) বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন | এ বিষয়ে উপ-পরিচালক (পরিকল্পনা) জানান, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সিটিজেন চার্টার হতে চারটি সেবা নির্বাচনপূর্বক সহজীকরণের লক্ষ্যে চারটি উপকমিটি গঠন করা হয়েছে। তিনি জানান, উপ-কমিটি'র সদস্যগণ সভায় উপস্থিত না থাকায় এক্ষেত্রে কাজের অগ্রগতি বিষয়ে আপডেট তথ্য জানানো সম্ভব হচ্ছে না। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) বলেন, পরবর্তী সভায় উপ-কমিটির আহবায়কগণকে বিশেষ আমন্ত্রণে উপস্থিত থাকার এবং প্রেজেন্টেশন প্রদানের জন্য ব্যবস্থা গ্রহণ অনুরোধ জানানো যেতে পারে। | পরিচালক (ডিজিএফ)<br>উপ-পরিচালক<br>(পরিকল্পনা/এমআইএম/প্রশমন/মূওপ/ডিজিএফ/প্রশাসন-১, প্রশাসন-২, |

| ক্র | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| | | **সিদ্ধান্তঃ**<br>১। আগামী সভায় উপ-কমিটি'র সদস্যগণ তাদের কার্যক্রমের বিষয়ে প্রজেন্টেশন প্রদান করবেন। | কাবিখা-২), প্রোগামার, সহকারী পরিচালক, জিআইএস /যান) |
| | ঙ) ভিডিও কনফারেন্স | পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) বলেন, মাঠ পর্যায়ের কার্যক্রমের গতিশীলতা আনয়নের জন্য অধিদপ্তরের প্রধান কার্যালয়ের সাথে মাঠ পর্যায়ে কর্মরত জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা এবং উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাগণদের সাথে ভিডিও কনফারেন্স এর আয়োজন করা যেতে পারে। পরিচালক (প্রশাসন) বলেন, সপ্তাহের রবি এবং বুধবার ব্যতীত অন্যান্য দিনে এই ভিডিও কনফারেন্সের আয়োজন করা যেতে পারে। এ ব্যাপারে অতিদ্রুত মহাপরিচালক মহোদয়ের অনুমতি সাপেক্ষে ভিডিও কনফারেন্সের আয়োজনের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>**সিদ্ধান্তঃ**<br>১। প্রশাসন অনুবিভাগ হতে মহাপরিচালক মহোদয়সহ সকল কর্মকর্তার উপস্থিতিতে জেলা/উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণদের সাথে প্রতি সপ্তাহে ভিডিও কনফারেন্স আয়োজন এর প্রয়োজনীয় উদ্যোগ নিতে হবে। | পরিচালক (প্রশাসন)<br>ও<br>উপ-পরিচালক (পরিকল্পনা) |
| | চ) দুর্যোগ বার্তায় প্রকাশের জন্য তথ্য প্রেরণ | উপ-পরিচালক (পরিকল্পনা) জানান যে, মন্ত্রণালয় হতে নিয়মিতভাবে প্রতিমাসে "দুর্যোগ বার্তা" প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত দুর্যোগ বার্তায় প্রকাশের নিমিত্ত সকল অনুবিভাগ/ প্রকল্প এবং মাঠ পযায়ে বাস্তবায়িত উল্লেখযোগ্য কর্মকান্ডের সচিত্র প্রতিবেদন পরিকল্পনা অনুবিভাগে প্রেরণের অনুরোধ করা হয়। পরিকল্পনা অনুবিভাগ হতে সেগুলো প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।<br>**সিদ্ধান্তঃ**<br>প্রতিটি অনুবিভাগ/প্রকল্প হতে প্রতিমাসের উল্লেখযোগ্য কর্মকান্ডের সচিত্র প্রতিবেদন (হার্ডকপি ও সফট কপি) পরিকল্পনা অনুবিভাগে প্রেরণ করতে হবে। | সকল অনুবিভাগ<br>ও<br>সকল প্রকল্প পরিচালক |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৩/০৫/১৮

এম খালিদ মাহমুদ
(যুগ্মসচিব)
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
ও
সভাপতি, ইনোভেশন টিম
ফোন: ৯৮৫৮৭৫৫

স্মারক নং-৫১.০১.০০০০.০০৩.০৬.০১৭.১৩- ৩৩৭

তারিখঃ ০৩-০৫-২০১৮ খ্রিঃ

**বিতরণঃ**

১। পরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ ও গবেষণা/পরিকল্পনা ও উন্নয়ন/এমআইএম/ত্রাণ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
২। উপ-সচিব (প্রশাসন) ও সদস্য সচিব, ইনোভেশন কমিটি, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। উপ-পরিচালক (প্রশাসন-১/প্রশাসন-২/প্রশিক্ষণ/প্রশমন/এমআইএম), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৪। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৫। সহকারী পরিচালক (প্রশাসন/যানবাহন/জিআইএস), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৬। সৈয়দ আশরাফ-উল-ইসলাম, কমিউনিকেশন মিডিয়া স্পেশালিষ্ট, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৭। জনাব আবুল কালাম আজাদ, পিএ টু ডিজি, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)মহোদয়ের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (সদয় অবগতির জন্য)।

(জাহিদুল ইসলাম)
উপ-সচিব
উপ-পরিচালক (পরিকল্পনা)
ও
সদস্য-সচিব
ইনোভেশন টিম
ফোনঃ ৯৮৫৯৬২৯

G:\DDM_2016\DD(Plng)\Inovation Team\Resulation\2018\Inovation Resulation (26.04.2018).doc